# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬২৪

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো আশুরার আগে একদিন সিয়াম রাখা, যাতে সে আশুরার সিয়াম পালনের ব্যাপারে মজবূত হতে পারে

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يَصُومَ يَوْمًا قَبْلَ يَوْمِ عَاشُورَاءَ لِيَكُونَ آخِذًا بِالْوَثِيقَةِ فِي صَوْمِهِ يوم عاشوراء

---

আরবী

3624 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا حَاجِبُ بْنُ عُمَرَ حَدَّثَنَا الْحَكَمُ بْنُ الْأَعْرَجِ قَالَ: انْتَهَيْتُ إِلَى ابْنِ عَبَّاسٍ وَهُوَ مُتَوَسِّدٌ رِدَاءَهُ عِنْدَ زَمْزَمَ فَجَلَسْتُ إِلَيْهِ وَنِعْمَ الْجَلِيسُ كَانَ فَسَأَلْتُهُ عَنْ عَاشُورَاءَ؟ فَاسْتَوَى جَالِسًا ثُمَّ قَالَ: عَنْ أَيِّ بَابِهِ تَسْأَلُ؟ قَالَ: قُلْتُ: عَنْ صِيَامِهِ أَيَّ يَوْمٍ نَصُومُهُ قَالَ: إِذَا رَأَيْتَ هِلَالَ الْمُحَرَّمِ فَاعْدُدْ ثُمَّ أَصْبِحْ مِنْ تَاسِعِهِ صَائِمًا قُلْتُ: أَكَذَلِكَ كَانَ يَصُومُ مُحَمَّدٌ صلى الله عليه وسلم؟ قَالَ: نعم.

الراوي : الْحَكَمُ بْنُ الْأَعْرَجِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3624 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2114): م.

বাংলা

৩৬২৪. হাকাম বিন আ'রাজ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে গমন করি, এমন সময় তিনি যমযম কূপের কাছে স্বীয় চাদর বালিশ বানিয়ে (হেলান দিয়ে) ছিলেন। অতঃপর আমি তার কাছে গিয়ে বসি। তিনি কতইনা উত্তম সঙ্গী ছিলেন। অতঃপর আমি তাকে আশুরার সিয়াম সম্পর্কে জিজ্ঞেস করলাম, তখন তিনি সোজা হয়ে বসেন অতঃপর বলেন, “তুমি আশুরার কোন বিষয়ে জিজ্ঞেস করছো?” আমি বললাম, “আমরা কোন দিন এই সিয়াম রাখবো?” জবাবে তিনি বলেন, “যখন তুমি মুহাররম মাসের নতুন চাঁদ দেখবে, তখন তুমি দিন গণনা করতে থাকবে। তারপর তিনি নবম তারিখে সিয়াম রাখবে।” আমি বললাম, “মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি এভাবেই সিয়াম রেখেছেন?” তিনি বলেন, “হ্যাঁ।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৩৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৮; সহীহ মুসলিম: ১১৩৩; আবূ দাউদ: ২৪৪৬; তিরমিযী: ৭৫৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৯৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৯৪০; ইমাম বাইহাকী, আস সুনান আল কুবরা: ৪/২৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২১১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাকাম ইবনু আরাজ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92960

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন